শেখ হাসিনার উদ্যোগ

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি

চরবাগমারা, রাজবাড়ী

ISO 9001:2015 Certified

ফোনঃ ০৬৪১-৬৫১৫৪, ই-মেইলঃ rajbaripbs@yahoo.com. Web : pbs.rajbari.gov.bd

স্মারক নং-২৭.১২.৮২০০.৫৫৭.০২.০০৮.২০- ২৬৮০

তারিখঃ- ০৪ আগষ্ট ২০২০খ্রিঃ
২০ শ্রাবণ ১৪২৭ বঃ

# "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি এর অফিস সেক্রেটারী শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কম্পিউটার অপারেটর পদে কর্মরত যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিতঃ ২০১২ইং) এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A-4 সাইজের কাগজে) স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

## (ক) পদের নামঃ "অফিস সেক্রেটারী"।

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন ও অন্যান্য ভাতাদি | জেলা কোটা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সেক্রেটারী | **ক)** কম্পিউটার অপারেটর পদে ন্যূনতম ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**খ)** প্রতি মিনিটে ন্যূনতম ৬০ (ষাট) টি ইংরেজীতে ও ৪০ (চল্লিশ) টি বাংলা শব্দ শ্রুতি লিখনের দক্ষতা থাকতে হবে।<br>**গ)** প্রতি মিনিটে ন্যূনতম ৩৫ (পঁয়ত্রিশ) টি ইংরেজীতে ও ৩০ (ত্রিশ) টি বাংলা শব্দ লিখার দক্ষতা থাকতে হবে।<br>**ঘ)** কম্পিউটার উইন্ডোজ অপারেটিং সিষ্টেম সম্পর্কিত জ্ঞান থাকতে হবে।<br>**ঙ)** সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ এ বর্ণিত পদোন্নতির জন্য সকল বিধান/শর্তাদি পূরণ করতে হবে।<br>**চ)** পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী সর্বশেষ ০৩ বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম রেটিং ৩.৫০ থাকতে হবে।<br>**ছ)** রাজবাড়ী পবিসের কর্মচারী চাকুরী বিধি-১৯৯২, সংশোধিত-২০১২ এবং ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।<br>**জ)** সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী অফিস সেক্রেটারী পদে পদোন্নতির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>**ঝ)** বাংলা ও ইংরেজী ব্যকরণসহ বানান, বিরাম চিহ্ন ব্যবহার ও বাক্য গঠন পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>**ঞ)** সম্পাদিত কার্যাদি সুবিনস্থ্য ও পরিস্কার ভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।<br>**ট)** দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি রিপোর্ট ইত্যাদি নথিভূক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>**ঠ)** দর্শনার্থীদের সাথে সৌজন্যমূলক ও মাধূর্যপূর্ণ আচরণ করার মানসিকতা থাকতে হবে। | পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে। | পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকা অর্থাৎ রাজবাড়ী সদর, পাংশা, গোয়ালন্দ, কালুখালী, বালিয়াকান্দি উপজেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই। |

**(খ) আবেদন করার পদ্ধতিঃ**

বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে খামের উপর পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম, (খ) মাতার নাম, (গ) পিতার নাম, (ঘ) স্বামীর নাম, (ঙ) স্থায়ী ঠিকানা, (চ) বর্তমান ঠিকানা, (ছ) জন্ম তারিখ, (জ) বয়স, (ঝ) ধর্ম, (ঞ) জাতীয়তা, (ট) শিক্ষাগত যোগ্যতা, (ঠ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ড) বর্তমান পদে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, কম্পিউটার অপারেটর পদে যোগদান ও নিয়মিতকরণ সংক্রান্ত পত্রের ফটোকপি (সকল ফটোকপি এজিএম এইচআর/প্রশাসন কর্তৃক সত্যায়িত হতে হবে), পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী সকল প্রশিক্ষণের উত্তীর্ণ ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/সিটি মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি, সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন/ফৌজদারী মামলা চলমান আছে কি-না তা উল্লেখ পূর্বক ছাড়পত্র প্রদানে অনাপত্তির সনদ ও পদোন্নতির সুপারিশ সম্বলিত আবেদনপত্র সহ **আগামী ১৬ আগষ্ট ২০২০ খ্রিষ্টাব্দ তারিখ রোজ রবিবার সকাল ১২:০০ ঘটিকায় রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমারা, রাজবাড়ী এ স্ব-শরীরে উপস্থিত হতে হবে।**

**গ) শর্তাবলী ঃ**

০১। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০২। অতীত কর্মসম্পাদনার মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতাসম্পন্ন আবেদনকারীকে সংশ্লিষ্ট পদে নিয়োগ দেয়া হবে।

০৩। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক ও সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে।

০৪। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগনের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

০৫। কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল ডকুমেন্ট এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৭। নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। যে কোন আবেদন এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৯। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যেকোন বিষয় নিস্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

০৪/০৮/২০২০

(মোঃ কামরুল ইসলাম গোলদার)
জেনারেল ম্যানেজার
ফোন- ০৬৪১-৬৫১৫৪
মোবাইল - ০১৭৬৯-৪০০০৬৭
ই-মেইলঃ rajbaripbs@yahoo.com

**অনুলিপিঃ-(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।

০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।

০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।

০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.............................পবিস-১/২/৩/৪ **(যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।)।**

০৬। ডেপুটি জেনারেল ম্যানেজার, পাংশা জোনাল অফিস, রাজবাড়ী পবিস।

০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা), রাজবাড়ী পবিস।

০৮। ইনচার্জ, বালিয়াকান্দি সাব-জোনাল অফিস।

০৯। নোটিশ বোর্ড, রাজবাড়ী পবিস।

১০। অফিস কপি/মাষ্টার কপি।

০৪/০৮/২০২০

(মোঃ কামরুল ইসলাম গোলদার)
জেনারেল ম্যানেজার